



শিলিগুড়ি পৌর নিগম



বিজ্ঞপ্তি নং :654(4)/smc/G

তাং :18.03.2025

জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি

- সমস্তরকম পরিচয় লেখাফলক (সাইনবোর্ড) বাংলা ভাষায় লেখা বাধ্যতামূলক।

এই মর্মে জনসাধারণ ও ব্যক্তিগত মালিকানাধীন প্রতিষ্ঠানগুলিকে অবগত করা হচ্ছে যে, শিলিগুড়ি পৌরনিগমের ২১.০২.২০২৫ তারিখের মেয়র পারিষদের সভায় গৃহীত এবং পরবর্তীতে ০৫.০৩.২০২৫ তারিখে বোর্ড অফ কাউন্সিলারের সভায় অনুমোদিত সিদ্ধান্ত অনুসারে সবরকম পরিচয় লেখাফলক (সাইনবোর্ড), বিজ্ঞপ্তিপট (হোর্ডিং) এবং চিহ্ন (সাইনএজ) অন্য যে কোন ভাষার সঙ্গে প্রথমে বাংলা ভাষায় লেখা বাধ্যতামূলক।

এই নির্দেশনামা সকল বেসরকারি মালিকাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

- দোকান
- ব্যবসায়িক প্রতিষ্ঠান (কোম্পানী)
- বিপণন কেন্দ্র (শপিং মল)
- অফিস
- রেস্তোরাঁ (রেস্টুরেন্ট)
- হোটেল
- হাসপাতাল
- রোগ নির্ণয় কেন্দ্র (ডায়াগনস্টিক সেন্টার)

মূলতঃ সকল নগরবাসীদের কাছে বাংলাভাষাগত ঐতিহ্য বহাল রাখা এবং সকলের অসুভূক্তির জন্যই এই সিদ্ধান্ত।

এইক্ষেত্রে সম্পর্কিত সকল প্রতিষ্ঠানকে এই নির্দেশ আগামী ১৪.০৪.২০২৫ থেকে বলবৎ করার জন্য অনুরোধ করা হচ্ছে। অন্যথায় যথাযথ আইনানুগ এবং প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইহা জনস্বার্থে প্রচারিত।

প্র. দত্ত
সচিব ১৮/৩/২৫

শিলিগুড়ি পৌরনিগম